

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 29-04-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM :

উত্তরপ্রদেশ সফরের দ্বিতীয় দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হরদইয়ে গঙ্গা এক্সপ্রেস ওয়ের উদ্বোধন করবেন। এর সাথে তিনি একটি জনসভায়ও ভাষণ দেবেন। ৫৯৪ কিলোমিটার দীর্ঘ এই এক্সপ্রেস ওয়েটি ৬ লেনের। এর নির্মাণের জন্যে ব্যয় হয়েছে আনুমানিক ৩৬ হাজার ২৩০ কোটি টাকা। এটি উত্তর প্রদেশের সব থেকে দীর্ঘ এক্সপ্রেস ওয়ে। উল্লেখ্য, প্রধানমন্ত্রী দু'দিনের সফরে উত্তরপ্রদেশে রয়েছেন।

গতকাল প্রধানমন্ত্রী সিকিমের পূর্ণরাজ্য দিবসের ৫০ বছর পূর্তিতে গ্যাংটকে এক জনসভায় ভাষণ দেন। সেখানে তিনি সিকিমকে পূর্বের স্বর্গ হিসাবে বর্ণনা করেন। তিনি সিকিমের বিপুল পর্যটন সম্ভাবনার কথাও তুলে ধরেন। এর সাথে সিকিম সহ উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নের ৪ হাজার কোটি টাকার একাধিক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

West Bengal-Election :

পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে দ্বিতীয় ও চূড়ান্ত পর্বের ভোট গ্রহণ আজ। উত্তর কলকাতা, দক্ষিণ কলকাতা, হাওড়া, নদিয়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হুগলি এবং পূর্ব বর্ধমানের মোট ১৪২টি আসনে আজ ভোটগ্রহণ করা হবে। নির্বাচনকে কেন্দ্র করে সর্বত্র কঠোর নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। উল্লেখ্য, গত ২৩শে এপ্রিল প্রথম দফায় ১৫২টি আসনে ভোট গ্রহণ করা হয়। ভোট পড়েছিল ৯৩.১৯ শতাংশ। উল্লেখ্য, কেরলম, আসাম, পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু এই চারটি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরি বিধানসভা নির্বাচন এবং ত্রিপুরা সহ কয়েকটি রাজ্যে বিধানসভা উপ-নির্বাচনের ভোট গণনা আগামী চৌঠা মে অনুষ্ঠিত হবে।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার দুর্যোগ মোকাবিলায় সর্বাত্মকভাবে কাজ করছে এবং ক্ষতিগ্রস্ত মানুষের পাশে থেকে সব ধরনের সহায়তা প্রদানে বদ্ধপরিকর। সামাজিক মাধ্যমে তিনি বলেন, প্রবল ঝড় ও বৃষ্টিতে রাজ্যের বিভিন্ন জেলায় বেশ কিছু বাড়িঘর এবং বিদ্যুৎ পরিষেবা ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্তদের সহায়তায় জেলাশাসকগণ ইতিমধ্যেই প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করছেন।

Power Minister :

প্রবল ঘূর্ণিঝড়ে আগরতলা সহ গোটা রাজ্যেই বিদ্যুৎ পরিষেবা এবং পরিকাঠামো ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। রাজ্যের বিভিন্ন স্থানে বৈদ্যুতিক খুঁটি ভেঙে পড়েছে, বৈদ্যুতিক তার ছিঁড়ে গিয়েছে। এর ফলে আগরতলা সহ গোটা রাজ্যেই বিদ্যুৎ পরিষেবা বিঘ্নিত হয়েছে। রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের প্রকৌশলী ও বিদ্যুৎকর্মীরা পরিষেবা স্বাভাবিক করে তুলতে যুদ্ধকালীন তৎপরতায় কাজ করছেন। প্রাকৃতিক দুর্যোগের এই সময়ে সমস্ত অংশের জনগণকে বিদ্যুৎ নিগমের কর্মীদের সহযোগিতায় এগিয়ে আসার জন্য বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ অনুরোধ করেছেন।

Strom :

কালবৈশাখীর প্রকোপে রাজ্যের বিভিন্ন স্থানে বেশ কিছু ক্ষয়ক্ষতির সংবাদ পাওয়া গেছে। পশ্চিম জেলার ৩টি মহকুমায় বেশ কিছু বাড়িঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। এরমধ্যে সদরে ১৫৩টি আংশিক ও ২৭টি ঘর সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে। মোহনপুর মহকুমায় ৩৪টি ঘর আংশিক এবং দুটি ঘর সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে। জিরানিয়ায় ১৮টি ঘর আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে।

গোমতী জেলার তিন মহকুমা-উদয়পুর, অমরপুর ও করবুকের বিস্তীর্ণ এলাকায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ে। ঝড়ের তান্ডবে বহু এলাকায় বিদ্যুৎ পরিষেবার ব্যাপক ক্ষতি হয়েছে।

খোয়াই এবং তেলিয়ামুড়া মহকুমার বিভিন্ন স্থানে বৈদ্যুতিক তার এবং মানুষের ঘরবাড়ির উপর গাছ ভেঙে পড়ে। তাতে খোয়াই মহকুমার লালছড়া, গনকী, অজগরটিলা ইত্যাদি এলাকায় কিছু বাড়িঘর ক্ষতিগ্রস্ত হয়।

সিপাহীজলা জেলাতেও বেশ কিছু বাড়িঘর এবং বিদ্যুৎ পরিষেবার ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। প্রাথমিক হিসেবে অনুযায়ী সিপাহীজলা জেলার তিনটি মহকুমা-জম্পুইজলা, সোনামুড়া ও বিশালগড়ের প্রায় ২৫০টিরও বেশি ঘর ক্ষতিগ্রস্ত হয়েছে।

উনকোটি জেলার ঞ্বীক্ষকালীন সজির কিছুটা ক্ষতি হয়। প্রায় আশি হেক্টর জমিতে ঞ্বীক্ষকালীন সবজির চাষ হয়েছিলো। ঝড় বৃষ্টিতে প্রায় পঁচিশ শতাংশ ফসলের ক্ষতি হয়।

ধর্মনগরে ১৪০টি ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। বিভিন্ন এলাকায় বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করার জন্য বিদ্যুৎ নিগমের কর্মীরা কাজ করছেন।

দক্ষিণ জেলার বিলোনিয়া মহকুমায় ৬১টি, শান্তিরবাজার মহকুমায় ৪৮টি ও সাক্রম মহকুমায় ২৫টি স্থানে সড়কের উপর গাছ পড়ে যান চলাচল ব্যাহত হয়। শান্তিরবাজার মহকুমায় ৫টি ঘর সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত, ৬৬টি ঘর আংশিক ক্ষতিগ্রস্ত, বিলোনিয়া মহকুমায় ২৭টি ঘর সম্পূর্ণ, ১৫০টি ঘর আংশিক ক্ষতিগ্রস্ত এবং সাক্রম মহকুমায় ৫৯টি ঘর আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম ও খোয়াই জেলার বিভিন্ন স্থানে ৬০ থেকে ৮০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বজ্র-বিদ্যুতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া, রাজ্যের সবকটি জেলায়ও ঝড়ো হাওয়া সহ ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৬ ডিগ্রি সেলসিয়াস। ভোর সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ৫৮.৬ মিলিমিটার।
